বনবিবি লিরিক্সঃ-

বনবিবির পায়ে রে, ফোটে বুনো রোদের ফুল।

ব্যাওঁ ডাকে ঘন ঘন
শীঘ্র হবে বৃষ্টি জানো
যদি হয় চৈতে বৃষ্টি
তবে হবে ধানের সৃষ্টি,
জৈষ্ঠাতে তারা ফোটে
তবে জানবে বর্ষা বটে
গাছে গাছে আগুন জ্বলে
বৃষ্টি হবে খনায় বলে।

ব্যাওঁ ডাকে ঘন ঘন
শীঘ্র হবে বৃষ্টি জানো
যদি হয় চৈতে বৃষ্টি
তবে হবে ধানের সৃষ্টি,
জৈষ্ঠাতে তারা ফোটে
তবে জানবে বর্ষা বটে
গাছে গাছে আগুন জ্বলে
বৃষ্টি হবে খনায় বলে।

বনবিবির পায়ে রে, ফোটে বুনো রোদের ফুল। তামাটে শরীর পোড়ে কিষাণীর ঘামে ভেজা মুখ।

লাল মেঘে বৃষ্টি ঝরে আদিবাসী কোনো গ্রামে তোমার কান্না আমার কান্না ঝিরিপথ হয়ে নামে।

ও ও ও পাখি, ঠোঁটে তুলে নাও খড়কুটো গান। ও ও ও রাখাল, মিথ্যে বাঘের গল্প শোনাও আবার।

ও ও ও পাখি, ঠোঁটে তুলে নাও খড়কুটো গান ও ও ও রাখাল, মিথ্যে বাঘের গল্প শোনাও আবার।

সুবোধ ফলায় সুবাসের জমিন সাঁওতাল গ্রামের পাশে, নোঙর ফালাইলো মাঝি সোজন বাইদার ঘাটে, বাঁশির সুরে ভাইসা আইলো দূরে সুলতানের গাঁও।

মটর শাকে পেচাইয়া ধরল নববধুর পা। মটর শাকে পেচাইয়া ধরল নববধুর পা। আঁটি ধান শক্ত বাহু আজগর হাটে আড়ে, জমিলা ঢেকিতে পার মারে গানের তালে।

- ও হো হো
- ও হো হো
- ও হো হো
- ও হো হো
- হো হো হো
- ও হো হো
- ও হো হো
- হো হো হো

পোকামাকড়ের কুহক বাজে সবুজ অন্ধকারে, ঘন জঙ্গলে ময়ূর নাচে আদিম তালে তালে। তোমার নিহত সুরের কসম গর্জে তীর ধনুকে, এই পৃথিবীর মরা ঘাসে তবু মুক্তির ফুল ফোটে।

ও ও ও পাখি,
ঠোঁটে তুলে নাও খড়কুটো গান
ও ও ও রাখাল,
মিথ্যে বাঘের গল্প শোনাও আবার।
ও ও ও পাখি,
ঠোঁটে তুলে নাও খড়কুটো গান
ও ও ও রাখাল,
পৃথিবীর শেষ গানটা শোনাও।

- ও পাখি,
- ও রাখাল,

বনবিবির পায়ে রে, ফোটে বুনো রোদের ফুল।

(ও ও ও পাখি, ঠোঁটে তুলে নাও খড়কুটো গান ও ও ও রাখাল, পৃথিবীর শেষ গানটা শোনাও।)

ও ও ও পাখি, ঠোঁটে তুলে নাও খড়কুটো গান ও ও ও রাখাল, পৃথিবীর শেষ গানটা শোনাও।